

## শারীরিক প্রতিবন্ধী মোঃ আবদুল্লাহ আল মাহমুদের দ্বন্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের ঋণের টাকা নিয়ে সফলতার গল্পঃ



জনাব, মোঃ আবদুল্লাহ আল মাহমুদ , পিতা : আবদুস ছাত্তার , একজন শারীরিক প্রতিবন্ধী। তিনি ফেনী জেলার দাগনভূঞা উপজেলার ৭নং মাতুভূঞা ইউনিয়নের মোমারিজপুর গ্রামের একজন স্থায়ী বাসিন্দা। তিনি হেলাল স্টোর নামে একটি কনফেকশনারি দোকান পরিচালনা করেন । এটি স্থানীয় মাতুভূঞা বাজারের উত্তর পাশে করিম উল্যাহ উচ্চ বিদ্যালয়ের পাশে অবস্থিত। ২০১৬ সালের ২১ মার্চ দোকানের মূলধন গঠনের জন্য তিনি দ্বন্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম থেকে ১০,০০০ টাকার সুদমুক্ত ক্ষুদ্রঋণ গ্রহন করেন । তিনি তাঁর নিজস্ব ১০০০০ টাকা এবং ঋণের ১০০০০ টাকাসহ ২০০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করেন। তিনি তাঁর সততা, ন্যায়-নিষ্ঠা ও সদাচারনের মাধ্যমে গ্রাহকদের মন জয় করেন এবং ব্যবসায়িক আয় থেকে সময়মত ঋণের কিস্তি সম্পূর্ণ পরিশোধ করেন । পরবর্তীতে তিনি পুনরায় ১৫-০৫-২০১৯ খ্রিঃ তারিখে ২০,০০০ টাকা পুনঃ বিনিয়োগ খাত হতে ঋণ গ্রহন করে তিনি তার ব্যবসা সম্প্রসারণ করেন। বর্তমানে তিনি পুনঃ বিনিয়োগকৃত ঋণের সব টাকা পরিশোধ করেন। তিনি তার ব্যবসায়িক আয় থেকে পরিবারের জীবিকা নির্বাহ, ছেলেমেয়েদের পড়াশুনা করান এবং যাবতীয় খরচ নির্বাহ করার পর ও বর্তমানে উনার দোকানে প্রায় ২০০০০০ টাকার মালামাল রয়েছে। সমাজসেবা অধিদফতর হতে সুদমুক্ত ক্ষুদ্রঋণ নিয়ে মোঃ আবদুল্লাহ আল

মাহমুদ বর্তমানে মূলধন গঠন ও ব্যবসায় সম্প্রসারণ করে আত্মনির্ভরশীল ও  
সচ্ছল ব্যক্তি হিসাবে সমাজে প্রতিষ্ঠিত।

স্বাক্ষরিত/  
08/12/2021খ্রিঃ  
(মোহাম্মদ আইনুল হোসাইন

জিলানী)

উপজেলা সমাজসেবা

অফিসার

দাগনভূঞা, ফেনী।  
মোবাইল-01880807255